



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)

www.techedu.gov.bd

এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩১.০০১.১৮.৯২৪

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৫

২৫ জুলাই ২০১৮

বিষয়: জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও এন্ড টিভি) জনাব মোঃ খালেদুজ্জামান এর “M.Sc in Engineering (EEE)” কোর্সে ভর্তি/অধ্যয়নের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: নাটোর টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি/নাট/ব্যক্তি/২০১৮/২১৮ তারিখ: ০৩/০৬/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নাটোর টেকনিক্যাল স্কুল ও কলেজের জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও এন্ড টিভি) জনাব মোঃ খালেদুজ্জামান “M.Sc in Engineering (EEE)” কোর্সে ভর্তি/অধ্যয়নের অনুমতি প্রদানের জন্য আবেদন করেছেন।

২। পরে দেখা যায় যে, আবেদনকারী “M.Sc in Engineering (EEE)” কোর্সে অধ্যয়নের অনুমতির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ গবেষণা ইউনিট এর স্মারক নং-০৫ ০০.০০০০.২১১.২২.১০৬.২০০৮.৩৩৯ তারিখ: ০৬ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ এর প্রজ্ঞাপনের সংযুক্ত ছক মোতাবেক তথ্যাদি পূরণ পূর্বক অধ্যক্ষ বরাবর আবেদন পত্র দাখিল করেন।

৩। তাঁর দাখিলকৃত আবেদন পত্রটি যাচাই করে দেখা যায় যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ গবেষণা ইউনিট এর প্রজ্ঞাপনের সংযুক্ত ছকের আবেদন পত্রের ক্রমিক ০৫ এর চাকরি স্থায়ীকরণের তারিখ পূরণ করেননি। এছাড়া বর্ণিত ছকের ৯নং কলামে শিক্ষাগত যোগ্যতার বিবরণে আবেদনকারী বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং (EEE) উল্লেখ করেছেন। উক্ত ডিগ্রী গ্রহণের ক্ষেত্রে তিনি যথাযথ কর্তৃপক্ষের অনুমতির কোন প্রমাণক দাখিল করেননি।

৪। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ের প্রেক্ষিতে তার আবেদন পত্রটি বিবেচনা করা সম্ভব নহে।

ড. মো: নুরুল ইসলাম
পরিচালক

অধ্যক্ষ, নাটোর টেকনিক্যাল স্কুল ও কলেজ, নাটোর।

স্মারক নম্বর: ৩৭.০৩.০০০০.০২৪.৩১.০০১.১৮.৯২৪/১

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৫

২৫ জুলাই ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

২) জনাব মোঃ খালেদুজ্জামান, জুনিয়র ইন্সট্রাক্টর (রেডিও এন্ড টিভি), নাটোর টেকনিক্যাল স্কুল ও কলেজ, নাটোর।

৩) সংরক্ষণ নথি।

মোহাম্মদ সাজ্জাদ মুফতী
সহকারী পরিচালক